Times Today BD

আন্তর্জাতিক ডেস্ক | আন্তর্জাতিক | 27 June, 2025

মালয়েশিয়ায় জঙ্গিবাদে জড়িত থাকার অভিযোগে ৩৬ বাংলাদেশিকে গ্রেপ্তার করেছে দেশটির আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনী। শুক্রবার (২৭ জুন) বিষয়টি নিশ্চিত করেন মালয়েশিয়ার স্বরাষ্ট্রমন্ত্রী সাইফুদ্দিন নাসিতান ইসমাইল।

তিনি জানান, গত ২৪ এপ্রিল থেকে সেলাঙ্গর ও জোহর প্রদেশে চালানো তিনটি পৃথক অভিযানে ওই ব্যক্তিদের আটক করা হয়।প্রাথমিক তদন্তে জানা গেছে, তারা ইসলামিক স্টেট (আইএস)-এর সঙ্গে সম্পৃক্ত চরমপন্থি মতাদর্শ ছড়িয়ে দিচ্ছিলেন।

স্বরাষ্ট্রমন্ত্রী আরও বলেন,

"এই দলটি নিজ সম্প্রদায়ের মধ্যে উগ্রবাদ ছড়ানো, সন্ত্রাসী কর্মকাণ্ডে অর্থ সংগ্রহ এবং নিজ দেশে সরকার উৎখাতের পরিকল্পনায় সক্রিয় ছিল। মালয়েশিয়া কখনোই এমন চরমপন্থি কার্যক্রমকে আশ্রয় দেবে না।"

তিনি হুঁশিয়ার করে বলেন,

"মালয়েশিয়াকে জঙ্গি তৎপরতার ঘাঁটি বা ট্রানজিট হাবে রূপান্তর করার যেকোনো চেষ্টার বিরুদ্ধে দৃঢ় ও কার্যকর ব্যবস্থা নেওয়া হবে।"

মালয়েশিয়ায় বিপুল সংখ্যক বাংলাদেশি অভিবাসী কর্মরত রয়েছেন। এই ঘটনা দেশটির অভিবাসী নীতি ও বাংলাদেশ-মালয়েশিয়া শ্রমবাজারে সম্ভাব্য প্রভাব ফেলতে পারে বলে

আশঙ্কা প্রকাশ করেছেন বিশ্লেষকরা।

এ বিষয়ে বাংলাদেশ সরকারের পক্ষ থেকে এখনো আনুষ্ঠানিক প্রতিক্রিয়া জানা যায়নি।

মালয়েশিয়া জঙ্গিবাদ বাংলাদেশি গ্রেপ্তার সাইফুদ্দিন নাসিতান ইসমাইল

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 00:48

URL: https://www.timestodaybd.com/international/7758073789